

## শেয়ার মূল্য সংবেদনশীল তথ্য

**ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) এর পরিচালনা পর্ষদ কর্তৃক ২০১৭ সালের নগদ লভ্যাংশ ঘোষণা এবং ২৬তম (ছাব্বিশতম)-বার্ষিক সাধারণ সভার সময়-সূচী :**

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) এর পরিচালনা পর্ষদ মঙ্গলবার ২৪ এপ্রিল ২০১৮ ইং তারিখ বিকেল ৩.০০ থেকে ৫.১৫ ঘটিকায়, ১০০ গুলশান এভিনিউ, ঢাকা, অনুষ্ঠিত সভায় ২০১৭ সালের ৩১শে ডিসেম্বর সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত হিসাব বিবরণী গ্রহণ, চূড়ান্তভাবে বিবেচনা করেছেন যা আসন্ন ২৬তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

এছাড়া পরিচালনা পর্ষদ উক্ত সভায় ৩১শে ডিসেম্বর ২০১৭ ইং অর্থ বছরের জন্য নিম্নলিখিত লভ্যাংশ প্রদানের সুপারিশ করেনঃ

▶ নগদ লভ্যাংশ (ক্যাশ ডিভিডেন্ড) : ২০% (বিশ শতাংশ)

ইস্টার্ন ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদ ২৬তম (ছাব্বিশতম) বার্ষিক সাধারণ সভার জন্য নিম্নলিখিত কর্মসূচি ঘোষণা করেছেনঃ

১. ২৬তম (ছাব্বিশতম) বার্ষিক সাধারণ সভার সময়-সূচী:

দিন ও তারিখ	:	মঙ্গলবার, ৫ জুন ২০১৮
সময়	:	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	:	পুলিশ কনভেনশন হল, ইস্কাটন গার্ডেন রোড রমনা, ঢাকা-১০০০

২. রেকর্ড ডেট : রবিবার, ২০ মে ২০১৮

৩. লভ্যাংশ গ্রহণের শর্তাবলী: রেকর্ড ডেট (২০ মে ২০১৮) অনুযায়ী যে সকল শেয়ারহোল্ডারগণের নাম ইবিএল এর শেয়ার রেজিস্টারে অথবা ডিপোজিটোরিতে লিপিবদ্ধ থাকবে তাঁরাই ঘোষনাকৃত লভ্যাংশ প্রাপ্তি এবং উপরোক্ত বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকার জন্য বিবেচিত হবেন।

৪. ইবিএল এর পরিচালনা পর্ষদ, নিয়ন্ত্রনকারী সংস্থাসমূহের নির্দেশনা অনুযায়ী নিম্নলিখিত তথ্য ঘোষণা করেনঃ

বিবরণী	ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) ২০১৭ ও ২০১৬ সমাপ্ত আর্থিক বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের তুলনামূলক তথ্যঃ			
	ব্যাংক		গ্রুপ	
	২০১৭	২০১৬	২০১৭	২০১৬
নেট এ্যাসেট ভ্যালু (কোটি টাকা)	২,১৫৮.৫৬	২,০৫৭.১৬	২,১৮৭.৬২	২,০৮৩.১৮
নেট এ্যাসেট ভ্যালু পার শেয়ার (টাকা)	২৯.২৫	২৭.৮৭	২৯.৬৪	২৮.২৩
আরনিং পার শেয়ার (ই পি এস) (টাকা)	৩.২৬	৩.৬০	৩.২৯	৩.৬৮
নেট অপারোটিং ক্যাশফ্লো পার শেয়ার (টাকা)	(৪.১৭)	(৬.৭৯)	(৯.২১)	(৭.৬৩)

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর সার্কুলার নং SEC/CMRRCD/2009-193/154 তারিখ ২৪ শে অক্টোবর ২০১৩ অনুযায়ী এবং Listing Regulations-2015 (DSE & CSE) এর রেগুলেশন ২৪(২) অনুযায়ী আসন্ন ২৬তম বার্ষিক সাধারণ সভায় কোন গিফট/গিফট কুপন/ফুড বক্স প্রদান করা হবেনা।

তারিখঃ ঢাকা, ২৪ এপ্রিল ২০১৮



সফিয়ার রহমান, এফসিএস  
ডিএম ডি এন্ড কোম্পানী সচিব